

আপীল নং-০১০/২০২২

তারিখঃ ০১/০৩/২০২২

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
২১/০৮/২০২২	<p>অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারী জনাব মো: জনাব মো: মোস্তাফিজুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, মেডি কনসাল্ট লিমিটেড, ৫০৩, প্লট-২২, গুলশান-২, ঢাকা হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। আপীলকারী জানান যে, এজেস্পীটির নবায়ন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ১৩/০৭/২০২০ এবং এজেস্পীটি নবায়ন আবেদন দাখিল করা হয় ২৪/০২/২০২২ তারিখে। তাঁর এজেস্পী নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল না করার কারণে ২৮/০২/২০২২ তারিখে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নবায়ন আবেদনটি বাতিল করা হয়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ০১/০৩/২০২২ তারিখে ০১০/২০২২ নং আপীল দায়ের করেন। আপীল কর্তৃপক্ষ শুনানী শেষে আপীল আবেদনটি ০৩/০৪/২০২২ তারিখে নামঞ্জুর হয়। আপীলকারী উক্ত নামঞ্জুর আদেশের পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগে ৮৪৯৪/২০২২ নং রিট পিটিশন দাখিল করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ থেকে ০২/০৮/২০২২ তারিখের আদেশে আইন ও বিধি মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র ও নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে ভিত্তিতে ০৩ (তিন) মাসের মধ্যে নিবন্ধন সনদ নবায়ন করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।</p> <p><b>বিচার্য বিষয়াবলী:</b></p> <p>(ক) আপিলকারী বর্ণিত যথাসময়ে নিবন্ধনের জন্য সঠিক কাগজপত্রাদি দিয়ে দাখিল করতে না পারার কারণসমূহ যুক্তিযুক্ত কিনা?</p> <p>(খ) নিবন্ধন কর্তৃপক্ষের আদেশটি ন্যায়সঙ্গ কিনা এবং আপিলকারী প্রতিকার পাওয়ার হকদার কিনা?</p> <p><b>আপিলকারীর বক্তব্য :</b></p> <p>(ক) শুনানীর সময় এজেস্পীর মালিক জানান যে, করোনার কারণে সঠিক সময়ে নবায়নের আবেদন দাখিল করতে পারেননি। এছাড়া মেয়াদ উত্তীর্ণের ৬০ (ষাট) দিন পূর্বে যে আবেদন দাখিল করতে হয় সেটাও আমার জানা ছিল না। এ বারের মত ক্ষমা প্রার্থনা করছি। এছাড়া আপীলকারী নিবন্ধন সংশ্লিষ্ট কয়েকটি কাগজপত্র প্রদর্শন করেন।</p> <p><b>পর্যালোচনা, সিদ্ধান্ত এবং সিদ্ধান্তের কারণসমূহ :</b></p> <p>(ক) আপীলকারী বক্তব্য পর্যালোচনা দেখা জানা যায় যে, মেডি কনসাল্ট লিমিটেড এজেস্পীটির নিবন্ধন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ১৩/০৭/২০২০ এবং এজেস্পীটি নবায়ন আবেদন দাখিল করেছেন ২৪/০২/২০২২ তারিখে। তাঁর এজেস্পী নবায়ন আবেদন নির্ধারিত সময়ে দাখিল না করার কারণে ২৮/০২/২০২২ তারিখে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নবায়ন আবেদনটি বাতিল করা হয়। বর্ণিত বিষয়ে এজেস্পির স্বত্বাধিকারী আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল দায়ের করলে আপীল কর্তৃপক্ষ কর্তৃক আপীল আবেদনটি ০৩/০৪/২০২২ তারিখে নামঞ্জুর পূর্বক নিবন্ধন কর্তৃপক্ষের ২৮/০২/২০২২ তারিখের বাতিলাদেশ বহাল রাখা হয়। আপীলকারী উক্ত নামঞ্জুর আদেশের পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগে ৮৪৯৪/২০২২ নং রিট পিটিশন দাখিল করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ থেকে ০২/০৮/২০২২ তারিখের ৮৪৯৪/২০২২ নং রিট আদেশে আইন ও বিধি মোতাবেক নির্ধারিত ফি ও প্রয়োজনীয় কাগজপত্র প্রদান সাপেক্ষে ভিত্তিতে ০৩ (তিন) মাসের মধ্যে নিবন্ধন সনদ নবায়ন করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।</p> <p>এতদপ্রেক্ষিতে আপীলকারীর প্রয়োজনীয় সকল কাগজপত্র প্রদর্শন/দাখিলের শুনানী গ্রহণ করা হয়। আপীলকারী ২১/০৮/২০২২ তারিখে উপস্থিত হয়ে কাগজপত্রাদি উপস্থাপন করেন। কিন্তু তিনি ট্রাভেল</p>	

এজেন্সি কর্তৃক সরকারকে প্রদেয় কর রশিদ/আয়কর রিটার্ন কপি, ট্রাভেল টিকেট সংক্রান্ত বিক্রয় বিবরণী এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি উপস্থাপনে ব্যর্থ হয়েছেন। অতএব আদেশ হলো যে;

### আদেশ

এ বিষয়ে নিবন্ধন কর্তৃপক্ষ মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল কাগজপত্র পরীক্ষান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। আদেশটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

স্বাক্ষরিত/-

৩১-১১/০৮/২০২২

মোঃ অলিউল্লাহ এনডিসি

অতিরিক্ত সচিব ও

আপীল কর্তৃপক্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

পর্যটন-৩ শাখা

নং-৩০.০০.০০০০.০০৩.৯৯.০১০.২০২২- ৪১৪

তারিখ: ২৩/০৮/২০২২

সদয় অবগতি ও পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা।
- ৩) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ৪) যুগ্ম-সচিব (নিবন্ধন কর্তৃপক্ষ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) জেলা প্রশাসক, ঢাকা।
- ৬) উপসচিব (পর্যটন-৩ শাখা), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ৮) প্রোগ্রামার এ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশে জন্য)।
- ৯) অতিরিক্ত সচিব (আপীল কর্তৃপক্ষ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ১০) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সান্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা), ঢাকা-১০০০।
- ১১) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা।
- ১২) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ-----
- ১৩) জনাব মো: জনাব মো: মোস্তাফিজুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, মেডি কনসাল্ট লিমিটেড, ৫০৩, প্লট-২২, গুলশান-২, ঢাকা।



উপসচিব

পর্যটন-৩ শাখা

ফোন: ০২-৯৫৪০৮৩৯

ই-মেইল: dstourism3@mocat.gov.bd